অবিলম্বে প্রকাশের জন্য: 12/23/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ছুটিতে ভ্রমণের মৌসুমে স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং স্টেট পুলিশের টহল বাড়ানোর ঘোষণা করলেন

গভর্নরস ট্রাফিক সেফটি কমিটির মাধ্যমে তহবিল পাওয়া বেশ কয়েকটি বার্ষিক অ্যালকোহল এবং ড্রাগ-সম্পর্কিত এনফোর্সমেন্ট ক্যাম্পেইনের মধ্যে এটি একটি

ছুটিতে ভ্রমণ সহজ করার জন্য নির্মাণ কাজের জন্য রাস্তা বন্ধ রাখা সাময়িকভাবে স্থগিত করা হয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে নিউ ইয়র্কবাসীকে মনে করিয়ে দিয়েছেন যে এই ছুটির মৌসুমে আমাদের রাস্তা থেকে নেশাগ্রস্ত গাড়ির চালকদের সরিয়ে নেওয়ার একটি চলমান জাতীয় আইন প্রয়োগ কৌশলে স্টেট পুলিশ এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলি অংশগ্রহণ করবে। গভর্নরস ট্রাফিক সেফটি কমিটির (Governor’s Traffic Safety Committee, GTSC) মাধ্যমে তহবিল পাওয়া একটি উদ্যোগ, "সংযত অবস্থায় গাড়ি চালান নয়তো আপনাকে থামানো হবে" (Drive Sober or Get Pulled Over) 1 জানুয়ারি, 2026, বৃহস্পতিবার পর্যন্ত চলবে।

"এই ছুটির মৌসুমে যদি কেউ নিজেকে বা অন্য চালকদের বিপদে ফেলার সিদ্ধান্ত নেন, তাহলে তাকে টিকিট দেওয়া হবে অথবা ক্রিমিনাল চার্জের মুখোমুখি হতে হবে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "নেশাগ্রস্ত এবং বেপরোয়া হয়ে গাড়ি চালানো আমাদের স্টেটে একদমই সহ্য করা হবে না কারণ নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তা সবসময় আমার শীর্ষ অগ্রাধিকার।"

মাতাল হয়ে গাড়ি চালানোর (driving while intoxicated, DWI) চেকপয়েন্ট এবং টহল ছাড়াও, আইন শৃঙ্খলা রক্ষাকারী অফিসাররা বেশি গতিতে গাড়ির চালানো চালক, অমনোযোগী চালক এবং "Move Over Law" ভাঙছেন এমন চালকদের ব্যাপারে নজর রাখবেন, আইনটি রাস্তায় বা রাস্তার পাশে থেমে থাকা যেকোনো যানবাহনের পাশ কাটিয়ে যাওয়ার সময় গাড়ির চালকদের খুব সতর্ক থাকা আবশ্যিক করে।

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলের (Department of Motor Vehichles, DMV) কমিশনার এবং GTSC-এর চেয়ার Mark J.F. Schroeder (মার্ক জে এফ শ্রোডার) বলেন, “ছুটি হলো আনন্দ উদযাপনের দারুন সময়, কিন্তু আপনাকে অবশ্যই দায়িত্বশীলভাবে উদযাপন হতে হবে। আপনি যদি নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালান এবং আইন ভঙ্গ করেন, তাহলে আপনাকে এর পরিণতির মুখোমুখি হতে হবে এবং আপনাকে দায়বদ্ধ করা হবে। সময় নিয়ে বাড়ি ফেরার সংযত যাত্রার পরিকল্পনা করুন, গাড়ি চালানোর সময়

অমনোযোগী হবেন না এবং গতি ধীর করুন, বিশেষ করে ভারী ট্র্যাফিক এবং খারাপ আবহাওয়ার সময়।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশের (New York State Police) সুপারিন্টেনডেন্ট Steven G. James (স্টিভেন জি জেমস) বলেন, "যেহেতু ছুটির এই মৌসুমে পুরো স্টেটের গাড়ির চালকেরা নিজেদের পরিবার ও বন্ধুদের সাথে দেখা করতে গাড়ি চালাবেন, তাই আমরা নিরাপদে গাড়ি চালানোর প্র্যাকটিসকে অগ্রাধিকার দেওয়ার জন্য তাদেরকে উৎসাহিত করছি। নেশাগ্রস্ত হয়ে গাড়ি চালানোর কোনো অজুহাত নেই, এবং যখন কেউ অ্যালকোহল বা মাদক ব্যবহার করে গাড়ি চালানোর সিদ্ধান্ত নেন,তখন তারা সকলের জীবনকে ঝুঁকিগ্রস্ত করেন। নেশাগ্রস্ত গাড়ির চালকদের নিরুৎসাহিত করতে এবং সনাক্ত করতে স্টেট পুলিশ আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী পার্টনারদের সাথে কাজ চালিয়ে যাবে। নিউ ইয়র্ক স্টেটে (New York State) যানবাহনে চলা সকলকে শিক্ষা ও সচেতনতা দিতে তাদের পার্টনারশিপের জন্য আমি GTSC-কে ধন্যবাদ জানাচ্ছি।"

নির্মাণ কাজের জন্য রাস্তা বন্ধ করা স্থগিত

ছুটির ব্যস্ত উইকেন্ডে ভ্রমণ সহজ করার চেষ্টা হিসেবে, নিউ ইয়র্ক স্টেট হাইওয়েগুলিতে রাস্তা এবং ব্রিজ নির্মাণের প্রজেক্টের জন্য সাময়িকভাবে লেন বন্ধ রাখা 24 ডিসেম্বর, বুধবার সকাল 6টা থেকে শুরু করে 29 ডিসেম্বর, সোমবার, সকাল 6টা পর্যন্ত, এবং আবার 31 ডিসেম্বর, বুধবার সকাল 6টা থেকে শুরু করে 5 জানুয়ারি, সোমবার, সকাল 6টা পর্যন্ত স্থগিত করা হবে।

নির্মাণ কাজ বন্ধ রাখা স্থগিত করা নিউ ইয়র্ক স্টেটের Drivers First উদ্যোগের সাথে মানানসই, যা রাস্তা এবং ব্রিজের কাজের কারণে যানজট এবং ভ্রমণ বিলম্ব সব থেকে কম করতে গাড়ির চালকদের সুবিধাকে অগ্রাধিকার দেয়। গাড়ির চালকদের জানা থাকা উচিত যে যে স্থায়ী কংক্রিটের ব্যারিয়ারের পিছনে বা জরুরি মেরামতের জন্য কিছু কাজ চলতে পারে।

চালকদেরকে স্টেটের Move Over Law অবশ্যই মেনে চলতে হবে, রাস্তার পাশে থেমে থাকা সকল যানবাহনের জন্য গতি ধীর করা ও সরে যাওয়া আবশ্যিক করতে 2024 সালের মার্চ মাসে বাড়ানো হয়েছে। থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority) এবং নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation) চালকদেরকে গাড়ি চালানোর সময় সতর্ক থাকতে, রাস্তার পাশে গাড়ি দেখলে গতি কমাতে এবং সরে যাওয়ার জন্য তাগিদ দিচ্ছে। গাড়িচালক, কর্মচারী, রাস্তার কর্মী এবং জরুরি কর্মীদের জীবন এর উপর নির্ভর করে।

স্টেট হাইওয়েতে পার্ক-ও-রাইড ফ্যাসিলিটি, বিশ্রামের স্টপ, সার্ভিস এরিয়া ও পার্কিংওয়ের জায়গা সহ টেক্সট স্টপগুলি অমনোযোগী গাড়ি চালানো কমাতে স্টেটের চেষ্টাকে সমর্থন করে। নিউ ইয়র্ক স্টেটের থ্রুওয়ে অথোরিটিও নিরাপদ ও সতর্ক গাড়ি চালনার প্রচারে নববর্ষের আগের রাত 11টা থেকে নববর্ষের দিন সকাল 7টা পর্যন্ত Thruway-তে যাত্রা করা ভ্রমণকারীদের বিনামূল্যে কফি এবং গরম চা দেওয়ার ঐতিহ্যকে ধরে রাখবে।

New York State Thruway-তে অবস্থিত 27টি সার্ভিস এরিয়ার সবগুলি এখন খোলা আছে। চালকেরা থ্রুওয়ে অথোরিটির ওয়েবসাইটে এবং বিনামূল্যের মোবাইল অ্যাপ, যা আইফোন এবং এন্ড্রয়েড ডিভাইসের জন্য বিনামূল্যে ডাউনলোড করা যাবে, সেখানে সার্ভিস এরিয়াগুলি দেখতে

পারবেন এবং কোথায় থামা যাবে তার পরিকল্পনা করতে পারবেন। অ্যাপটি এছাড়াও চলার পথে বাস্তব সময়ের ট্র্যাফিক ও দিকনির্দেশনার সহায়তা চালকদেরকে সরাসরি দিতে পারে। চালকেরা এছাড়াও TRANSalert ইমেইলের জন্য সাইন আপ করতে পারবে যা Thruway-এর সর্বশেষ অবস্থা জানিয়ে থাকে।

ভ্রমণকারীরা ভ্রমণের আগে 5-1-1 এ ফোন করে, 511 ওয়েবসাইট ভিজিট করে, অথবা Apple App Store বা Google Play থেকে বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপটি ডাউনলোড করে NYSDOT-এর 511NY দেখে নিতে পারবেন। বিনামূল্যে দেওয়া সেবাটি ব্যবহারকারীদেরকে রাস্তার অবস্থা চেক করতে, 2.219টি ট্রাফিক ক্যামেরার দৃশ্য দেখতে এবং বিমান ও ট্রানজিটের তথ্যের লিংক দেখতে দেয়। অ্যাপটিতে ড্রাইভ মোড আছে, যেখানে কোনো ইউজার যখন গাড়ি চালাবেন তখন তার বাছাই করা রাস্তা সম্পর্কে অডিবল অ্যালার্ট দেওয়া হয়, যা ঘটনা এবং নির্মাণ সম্পর্কে তাদের সতর্ক করে।

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনের কমিশনার Marie Therese Dominguez (ম্যারি থেরেসা ডমিঙ্গেজ) বলেন, "নেশাগ্রস্ত চালকেরা যখন ভুল সিদ্ধান্ত নিয়ে গাড়ি চালান, তখন তারা শুধু নিজেদের না, বরং অন্যদেরও ঝুঁকিগ্রস্ত করেন। উদযাপনের এই মৌসুমে আমরা চালকদের মনে করিয়ে দিতে চাই যে নিরাপদে পরিবার ও বন্ধুদের কাছে বাড়ি ফিরতে পারাই সবথেকে গুরুত্বপূর্ণ। এবং শীতকালের আবহাওয়া সবসময় বদলে যাচ্ছে, তাই অনুগ্রহ করে মনে রাখবেন যে প্লাউ ট্রাক, জরুরি বা নষ্ট যানবাহনের জন্য গতি কমাতে এবং সরে যেতে হবে। গাড়ি চালানোর সময় আপনি যা করবেন তা রাস্তার সকলকে সরাসরি প্রভাবিত করে, তাই সঠিক সিদ্ধান্ত নেওয়া নিশ্চিত করুন কারণ তার উপর এই ছুটির মৌসুমের নিরাপত্তা জড়িত।"

নিউ ইয়র্ক স্টেটের থ্রুওয়ে অথোরিটির এক্সিকিউটিভ ডিরেক্টর Frank G. Hoare (ফ্র্যাঙ্ক জি হোয়ার) বলেন, "এই ছুটির মৌসুমে আমরা চাই যাতে সবাই নিরাপদে তাদের গন্তব্যে পৌঁছাতে পারেন এবং কম দেরিতে পৌঁছেন। আমরা চালকদের আবহাওয়ার ইভেন্টের জন্য প্রস্তুত থাকতে, ভ্রমণের জন্য হাতে বাড়তি সময় রাখতে এবং গাড়িতে জরুরি সাপ্লাই রাখতে তাগিদ দিচ্ছি। আমাদের কর্মচারী এবং জরুরি কর্মীরা দিনরাত কাজ করবেন এবং তাদের জীবন চালকদের গতি কমানো এবং রাস্তার পাশে থাকা সকল যানবাহনের জন্য নিরাপদে সরে যাওয়ার উপর নির্ভর করে। Thruway-তে টহল দেওয়া এবং গাড়ির চালকদের নিরাপদ রাখার জন্য আমরা নিউ ইয়র্ক স্টেট পুলিশের ট্রুপ T-এ আমাদের পার্টনারদের ধন্যবাদ জানাচ্ছি।"

শ্যাটাকুয়া (Chautauqua) কাউন্টির শেরিফ এবং New York State Sheriffs' Association-এর প্রেসিডেন্ট James Quattron (জেমস কোয়াট্রোন) বলেন, "শীতকালের মৌসুম চলে এসেছে তাই নেশাগ্রস্ত বা আগ্রাসীভাবে গাড়ি না চালানো এখন অন্য সময়ের থেকে বেশি গুরুত্বপূর্ণ। এখন থেকে নববর্ষের দিন পর্যন্ত পরিবার এবং বন্ধুদের সাথে অনেক অনেক একত্রিত হওয়া এবং উদযাপন হবে। বিপজ্জনক চালকদের সনাক্ত, টিকেট দেওয়া, এমনকি গ্রেফতার করার জন্য বেশি এনফোর্সমেন্ট ও থাকবে। অন্ধকার আগে নেমে আসা এবং প্রতিদিন রাস্তা বরফ বা তুষারে ঢাকা পড়ার সম্ভাবনার কারণে, নেশাগ্রস্ত অবস্থায় বা বেপরোয়াভাবে গাড়ি চালানো আরো বিপজ্জনক। নিউ ইয়র্ক স্টেটের শেরিফরা চান আপনি এই ছুটির মৌসুম

উপভোগ করুন এবং নেশাগ্রস্ত বা আগ্রাসীভাবে গাড়ি না চালিয়ে একজন ভদ্র চালক হিসেবে তা করুন।"

New York State Association of Chiefs of Police-এর প্রেসিডেন্ট Paul Oliva (পল অলিভা) এবং মাউন্ট প্লিজেন্টের (Mount Pleasant) পুলিশ চীফ বলেন, "এই ছুটির মৌসুমে মনে রাখবেন: আস্তে গাড়ি চালান, সিটবেল্ট বাঁধুন এবং কখনো মদ পান করে গাড়ি চালাবেন না। সকলে যাতে নিরাপদে বাড়ি ফিরতে পারেন তা নিশ্চিত করতে আইন শৃঙ্খলা রক্ষাকারীরা পূর্ণ শক্তিতে বাইরে থাকবেন। আমাদের কমিউনিটিগুলিকে নিরাপদ রাখতে সাহায্য করুন এবং দায়িত্বের সাথে গাড়ি চালান।"

এই ট্রাফিক আইনের এনফোর্সমেন্ট ক্যাম্পেইনগুলির তহবিল দিয়েছে GTSC, যা বেশি দেখা যায় এমন আইন শৃঙ্খলা রক্ষার চেষ্টায় স্টেট, কাউন্টি এবং স্থানীয় পর্যায়ে আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলির অংশগ্রহণের জন্য প্রচার এবং তা সমর্থন করে। অনুদানের তহবিলটির উদ্দেশ্য ছুটির দিনের মতো বছরের সেই সময়গুলিতে সহায়ক ট্র্যাফিক আইন এনফোর্সমেন্ট এবং এঙ্গেজমেন্ট দেওয়া, যখন অ্যালকোহল বা মাদকের কারণে নেশাগ্রস্ত হয়ে গাড়ি চালকদের রাস্তায় থাকার সম্ভাবনা বেশি থাকে।

গত বছরের অভিযানের সময় আইন শৃঙ্খলা রক্ষাকারীরা পুরো স্টেটে 129,686টি টিকেট দিয়েছে। সেই টিকেটের মধ্যে বেশি গতিতে গাড়ি চালানোর জন্য 23,339টি, অমনোযোগী হয়ে গাড়ি চালানোর জন্য 4,205টি, সিটবেল্টের জন্য 3,230টি, "Move Over Law-এর" জন্য 981টি ছিলো, এবং নেশাগ্রস্ত হয়ে গাড়ি চালানোর জন্য 4,264 ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে। 93,667 জন চালককে অন্যান্য লঙঘনের জন্য টিকেট দেওয়া হয়।

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অফ ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেসের (Division of Criminal Justice Services) ডেটা থেকে দেখায় যায় যে অ্যালকোহল বা মাদকের প্রভাবে থাকা অবস্থায় গাড়ি চালানোর জন্য ফেলোনি এবং মিসডিমেনরের জন্য গ্রেফতার করা হলে আনুমানিক 90 শতাংশ মামলায় মানুষ দোষী সাব্যস্ত হয়।

স্টেট পুলিশ, GTSC এবং ন্যাশনাল হাইওয়ে ট্র্যাফিক সেফটি অ্যাডমিনিস্ট্রেশন (National Highway Traffic Safety Administration) ছুটির সময়কে সকলের জন্য আরো নিরাপদ করতে এই পরামর্শগুলি দেয়:

- উদযাপন শুরু করার আগেই বাড়ি ফেরার নিরাপদ উপায় পরিকল্পনা করুন;
- মদ্যপানের আগে, একজন সংযত চালককে মনোনীত করুন;
- আপনি যদি নেশাগ্রস্ত হন, তাহলে একটি ট্যাক্সি বা রাইড সোর্সিং সেবা ব্যবহার করুন, একজন সংযত বন্ধু বা পরিবারের সদস্যকে ফোন করুন, অথবা গণপরিবহন ব্যবহার করুন;
- আপনার কমিউনিটির সোবার রাইড প্রোগ্রাম ব্যবহার করুন;
- আপনি যদি রাস্তায় কোনো মাতাল গাড়ি চালক দেখেন, তাহলে স্থানীয় শৃঙ্খলা রক্ষাকারীদের সাথে যোগাযোগ করতে দ্বিধা করবেন না;

- আপনি যদি এমন কাউকে চেনেন যিনি মাতাল অবস্থায় গাড়ি চালাতে যাচ্ছেন, তার থেকে চাবি নিয়ে নিন এবং অন্য কোনো ব্যবস্থায় যাতে তারা নিরাপদে গন্তব্যে পৌঁছাতে পারে তার জন্য তাদের সাহায্য করুন।

GTSC এবং নিউ ইয়র্ক স্টেটের STOP-DWI ফাউন্ডেশন চালকদেরকে মনে করিয়ে দিচ্ছে যে তাদের "Have a Plan" মোবাইল অ্যাপটি Apple, এন্ড্রয়েড এবং উইন্ডোজ স্মার্টফোনে পাওয়া যাবে। এই অ্যাপটি নিউ ইয়র্কবাসীদের ট্যাক্সি বা রাইডশেয়ার পরিষেবা খুঁজে বের করতে এবং ফোন করতে এবং একটি মনোনীত ড্রাইভার তালিকা প্রোগ্রাম করতে সক্ষম করে। এটি DWI আইন এবং শাস্তি সম্পর্কে তথ্য দেয় এবং নেশাগ্রস্ত মনে হচ্ছে এমন চালকের ব্যাপারে রিপোর্ট করার উপায় দেয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন